

e'vsvKs c'ena I b'vZ vefvM  
evsj v` k e'vsk  
c'äv b KvHj q  
XvKv

বিআরপিডি সার্কুলার লেটার নং-০১

০৯ জানুয়ারি ২০০৬  
তারিখ : -----  
২৬ পৌষ ১৪১২

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল বেসরকারী ব্যাংক

প্রিয় মহোদয়,

bZb e'vsk kvLv tLvj vi t'j'j' Avo'f c'Y'qvRm'¼vq D'P e'q cwi nvi c'ht'½

শিরোনামে উল্লিখিত বিষয়ে ১০ মার্চ ২০০৫ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সার্কুলার লেটারে প্রদত্ত নির্দেশনা অমান্য করে সম্প্রতি কোন কোন ব্যাংকের নতুন শাখার সাজসজ্জায় আড়ম্বরপূর্ণ সরঞ্জাম ও আসবাবাদি সংগ্রহের জন্য উচ্চ/অস্বাভাবিক ব্যয় লক্ষ্য করা যাচ্ছে। এমনকি একই এলাকায় বিভিন্ন ব্যাংকের শাখা খোলার ক্ষেত্রে ব্যয়ের তুলনামূলক পর্যালোচনায় কোন কোন ব্যাংকের ক্ষেত্রে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়েছে। এরূপ উচ্চ ও বাহুল্য ব্যয় পরিহারকল্পে আধুনিক তথ্য প্রযুক্তি সরঞ্জাম ব্যতীত অন্যান্য সরঞ্জাম ও আসবাবাদির জন্য বিলাসবহুল ও চাকচিক্যের পরিবর্তে মৌলিক প্রয়োজনের প্রেক্ষিত বিবেচনা করেই প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করার বিষয়ে ব্যাংকসমূহকে উপরোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে পরামর্শ দেওয়া সত্ত্বেও কোন কোন ব্যাংক কর্তৃক তা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না।

এমতাবস্থায়, নতুন শাখা খোলার ব্যয় যথাসম্ভব সীমিত রাখার বিষয়ে সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার লেটার এ বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য ব্যাংকসমূহকে পুনরায় নির্দেশ দেওয়া যাচ্ছে। এ ছাড়া শাখার সাজসজ্জায় সরঞ্জাম ও আসবাবাদি সংগ্রহ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট ব্যাংকের কোন পরিচালক কিংবা পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতা না থাকার বিষয়টি নিশ্চিত করার জন্যও ব্যাংকসমূহকে নির্দেশ দেওয়া যাচ্ছে। ব্যাংকসমূহ কর্তৃক এই নির্দেশ পরিপালন করা সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের তদারকি দল মনিটর করবে। উক্ত নির্দেশাবলী পরিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিবেচনা করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বণিক)  
মহাব্যবস্থাপক  
ফোন-৭১১৭৮২৫